

# পল্লী উন্নয়ন একাডেমী, বগুড়া

সৌর শক্তি নির্ভর সেচ পদ্ধতি ও এর বহুমুখী ব্যবহারের মাধ্যমে দ্বি-স্তর  
কৃষি প্রযুক্তি সম্প্রসারণ শীষক প্রায়োগিক গবেষণা প্রকল্প  
আরিইআরসি, পল্লী উন্নয়ন একাডেমী, বগুড়া।

## নিয়োগ বিজ্ঞপ্তি

স্মারক নং-৪৭.৬৪.১০৮৮.০৪৯.৫১.০০৪.১৮/১৫

তারিখঃ ০৩/০৪/২০১৮ইং

পল্লী উন্নয়ন একাডেমী, বগুড়া কর্তৃক বাস্তবায়নাধীন “সৌর শক্তি নির্ভর সেচ পদ্ধতি ও এর বহুমুখী ব্যবহারের মাধ্যমে দ্বি-স্তর কৃষি প্রযুক্তি সম্প্রসারণ” শীষক প্রায়োগিক গবেষণা প্রকল্পের জন্য সম্পূর্ণ অস্থায়ী ভিত্তিতে প্রকল্প মেয়াদকালীন সময়ের জন্য নিম্নবর্ণিত পদের বিপরীতে চুক্তিভিত্তিক জনবল নিয়োগের উদ্দেশ্যে দরখাস্ত আহ্বান করা যাচ্ছেঃ-

ক্রমিক নং	পদের নাম ও সাকুল্যে বেতন	পদের সংখ্যা	বয়স	শিক্ষাগত যোগ্যতা ও অভিজ্ঞতা
১।	হিসাব রক্ষক গ্রেড-১৩	১ (এক)	সর্বোচ্চ ৩০ বছর	বাণিজ্যে স্নাতক ডিগ্রিসহ হিসাব রক্ষণ কাজে কমপক্ষে ৩ বছরের বাস্তব অভিজ্ঞতা থাকতে হবে। কম্পিউটার পরিচালনায় বিশেষ করে অফিস প্রোগ্রাম MS Word, MS Excel, ইত্যাদি বিষয়ে পারদর্শী হতে হবে।
২।	অফিস সহকারী কাম-কম্পিউটার মুদ্রাক্ষরিক গ্রেড-১৬	২ (দুই)	সর্বোচ্চ ৩০ বছর	কমপক্ষে এইচএসসি ডিগ্রিসহ কম্পিউটার টাইপিং ও অফিস ব্যবস্থাপনায় ৫ বছরের বাস্তব অভিজ্ঞতা থাকতে হবে।

প্রার্থীদেরকে নিম্নবর্ণিত তথ্যসমূহ উল্লেখপূর্বক মহাপরিচালক, পল্লী উন্নয়ন একাডেমী, বগুড়া বরাবরে জনপ্রশাসন মন্ত্রণালয়ের প্রশাসন-১ শাখার ২৯ ডিসেম্বর ২০১৪ তারিখের স্মারক নং-০৫.১১০.০০০০.০০.০৮৯.১৪-০১ পরিপত্রে উল্লিখিত চাকরির আবেদনের মডেল অনুযায়ী আবেদন করতে হবে যা আরডিএ'র ওয়েব সাইটে [www.rda.gov.bd](http://www.rda.gov.bd) পাওয়া যাবে। আবেদন আগামী ০৭/০৬/২০১৮ইং তারিখ অফিস চলাকালীন সময়ের মধ্যে ডাকযোগে অথবা সরাসরি মহাপরিচালকের দপ্তরে পৌঁছাতে হবে। অসম্পূর্ণ ও নির্ধারিত তারিখের পর প্রাপ্ত কোন আবেদন বিবেচনা করা হবে না।

### শর্তাবলীঃ

- আবেদনকারীকে মহাপরিচালক, পল্লী উন্নয়ন একাডেমী, বগুড়ার অনুকূলে পরীক্ষার ফি বাবদ ১-২নং পদের জন্য ২০০/- (দুইশত) টাকার পোস্টাল অর্ডার (অফেরৎযোগ্য) সংযুক্ত করতে হবে।
- খামের উপর পদের নাম অবশ্যই উল্লেখ করতে হবে। স্বাক্ষরবিহীন ও অস্পষ্ট আবেদনপত্র সরাসরি বাতিল বলে গণ্য হবে।
- আবেদনপত্রের সাথে সদ্য তোলা পাসপোর্ট সাইজের ৩ কপি সত্যায়িত ছবি (পার্শ্ব ছবি গ্রহণযোগ্য হবে না) ও নির্ধারিত পোস্টাল অর্ডার সংযুক্ত করতে হবে। আবেদনপত্রের সাথে কোন সনদপত্র সংযোজনের প্রয়োজন নেই। তবে মৌখিক পরীক্ষার সময় সকল সনদ পত্রের এক সেট সত্যায়িত ফটোকপিসহ মূল কপি সংগে আনতে হবে।
- আবেদনকারীর বয়স নূন্যতম ১৮ (আঠার) বৎসর এবং আবেদনের শেষ তারিখে সর্বোচ্চ ৩০ (ত্রিশ) বৎসর এর মধ্যে থাকতে হবে। তবে মুক্তিযোদ্ধা/মুক্তিযোদ্ধার সন্তান এবং প্রতিবন্ধী প্রার্থীর ক্ষেত্রে সরকারের প্রচলিত বিধি অনুসরণ করা হবে।
- প্রার্থী নির্বাচনকালে সরকারের প্রচলিত কোটা পদ্ধতি যথাযথভাবে অনুসরণ করা হবে।
- যেকোন প্রতিষ্ঠানে কর্মরত প্রার্থীগণকে যথাযথ কর্তৃপক্ষের মাধ্যমে আবেদন করতে হবে।
- চাকুরী, প্রকল্পের মেয়াদকাল (৩০ জুন ২০২২ইং) পর্যন্ত বলবৎ থাকবে এবং প্রকল্পের মেয়াদ শেষে পদগুলো স্বয়ংক্রিয়ভাবে বিলুপ্ত হয়ে যাবে।
- নির্ধারিত তারিখের পরে প্রাপ্ত, ত্রুটিপূর্ণ ও অসম্পূর্ণ আবেদনপত্র গ্রহণযোগ্য হবে না।
- লিখিত পরীক্ষা ও সাক্ষাৎকারে অংশগ্রহণের জন্য কোন প্রকার টিএ/ডিএ প্রদান করা হবে না।
- কর্তৃপক্ষ কোন কারণ দর্শানো ছাড়াই বিজ্ঞপ্তি বাতিল/প্রত্যাহারের ক্ষমতা রাখে। নিয়োগের বিষয়ে নিয়োগকারী কর্তৃপক্ষের সিদ্ধান্তই চূড়ান্ত বলে গণ্য হবে। কোন প্রকার আপত্তি গ্রহণযোগ্য হবে না।



মোঃ ফেরদৌস হোসেন খান

প্রকল্প পরিচালক ও

সদস্য সচিব নিয়োগ কমিটি

ই-মেইলঃ [ferdousrda@gmail.com](mailto:ferdousrda@gmail.com)